# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩২৫

১৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩৫. ইসলামের প্রতি কাউকে আকৃষ্ট করা উদ্দেশ্য, তাকে এবং ঐ ব্যক্তি, যাকে দান না করলে ঈমান থেকে ফিরে যাবার আশংকা রয়েছে, তাদের দান করা এবং মূর্খতার কারণে কঠোরতার সাথে সাওয়াল করলে তা সয্য করা আর খারিজীদের বর্ণনা ও তাদের বিধান

باب اعطاء المؤلفة ومن يخاف على ايمانه ان لم يعط

আরবী

وَحَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ، عَنْ عُمَارَةَ بْنِ الْقَعْقَاعِ، بِهَذَا الإِسْنَادِ وَقَالَ بَيْنَ أَرْبَعَةِ نَفَرٍ زَيْدُ الْخَيْرِ وَالأَقْرَعُ بْنُ حَابِسٍ وَعُيَيْنَةُ بْنُ حِصْنٍ وَعَلْقَمَةُ بْنُ عُلاَثَةَ أَوْ عَامِرُ بْنُ الطُّفَيْلِ . وَقَالَ نَاشِزُ الْجَبْهَةِ . كَرِوَايَةِ عَبْدِ الْوَاحِدِ . وَقَالَ إِنَّهُ سَيَخْرُجُ مِنْ ضِئْضِئِ هَذَا قَوْمٌ وَلَمْ يَذْكُرْ " لَئِنْ أَدْرَكْتُهُمْ لأَقْتُلَنَّهُمْ قَتْلَ ثَمُودَ " .

বাংলা

২৩২৫। ইবনু নুমায়র (রহঃ) ... উমারা ইবনু কা’কা (রহঃ) সুত্রে এ সনদে উক্ত হাদীস বর্ণনা করেছেন। এ হাদীসে এও বর্ণিত আছে যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সোনাগুলো যায়দ আল খায়র, আকরা ইবনু হাবিস, উয়ায়না ইবনু হিসন ও আলকামা ইবনু উলাসা বা আমির ইবনু তুফায়ল (রাঃ) এই চার ব্যক্তির মাঝে বণ্টন করে দিলেন। আবদুল ওয়াহিদের হাদীসের মত এ হাদীসেওنَاشِزُ الْجَبْهَةِ কথাটি উল্লেখ রয়েছে।

এ হাদীসে আছে যে, "এর ঔরষ থেকে এমন এক কাওম বের হবে"। তবে এ হাদীসের মধ্যে "যদি আমি তাদেরকে পাই; তবে সামূদ সম্প্রদায়ের হত্যা করার মত আমিও তাদেরকে হত্যা করব" কথাটি উল্লেখ নেই।

## English

This hadith has been narrated through another chain of transmitters, but no mention has been made of:
" If I find them, I would kill them as the Thamud were killed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উমারা ইবনু কা'কা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=11690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন